পরিবর্তনের সারাংশ

এই প্রবিধানটি এর পোস্টিংয়ের তারিখ থেকে কার্যকর এবং এটি ২৪ মার্চ ২০১০ তারিখের প্রবিধান D-150-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ

- সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("সিসিএসই)-এ নির্বাচনে মনোনয়ন প্রার্থীদের যোগ্যতার ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি পরিবর্তিত হয়েছে। প্রার্থীদেরকে অবশ্যই হতে হবে বর্তমানে ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") প্রদত্ত এবং/অথবা অর্থায়িত স্পেশাল এডুকেশন লাভ করছে, ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম ("আইইপি") আছে, এমন শিক্ষার্থীর পিতামাতা। সিসিএসই-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদন করার সময় কাজ করার যোগ্য, কিন্তু পদে বহাল থাকাকালে আইইপি-যুক্ত সন্তানের পিতামাতা হিসেবে প্রার্থী হওয়ার যোগ্যতা হারালে সন্তান যে তারিখ থেকে আইইপিযুক্ত শিক্ষার্থী হিসেবে বিবেচিত থাকবে না, সে তারিখ থেকে পিতামাতা কাজ করার যোগ্যতা হারাবেন। (পৃষ্ঠা 1, অনুচ্ছেদ I.A.1.a দেখুন।)
- ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল ("ডি৭৫ কাউন্সিল") নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য নিম্নলিখিত যোগ্যতার শর্তাগুলো পরিবর্তিত হয়েছে। প্রার্থীদেরকে অবশ্যই ডিস্ট্রিক্ট ৭৫-এ সিটিভিত্তিক স্পেশাল এডুকেশন সার্ভিস লাভকারী শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। ডি৭৫ কাউন্সিল-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদন করার সময় কাজ করার যোগ্য হওয়া সত্ত্বেও পদে আসীন থাকাকালে সন্তানের ডি৭৫ কর্মসূচিতে যাওয়া বন্ধ হয়ে গেলে পিতামাতাগণ ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচির শিক্ষার্থীর পিতামাতা হিসেবে কাজ করার যোগ্যতা হারাবেন। (পৃষ্ঠ 7, অনুচ্ছেদ II.B.1 দেখুন।)
- চ্যান্সেলরের প্রবিধান D-125-এর প্রতিফলন ঘটাতে সিসিএসই ও ডি৭৫ কাউন্সিল-এ কাজ করার সাথে সংশ্লিষ্ট স্বার্থের দ্বন্দ্বের নীতি হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ I.A.1.c.iii; পৃষ্ঠা 7, অনুচ্ছেদ II.B.1.c.iii দেখুন।)
- সিসিএসই ও ডি৭৫ কাউন্সিল-এর প্রার্থীগণ এখন একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ I.B.1; পৃষ্ঠা 7-৪, অনুচ্ছেদ II.C.1 এদখুন)
- আইইপিযুক্ত সন্তানকে কোন্ স্পেশাল এডুকেশন প্রোগ্রামে অন্তর্ভুক্ত করেছেন, সিসিএসই প্রার্থীদেরকে তাদের আবদেনপত্রে সে তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। এক একজন প্রার্থীকে এক একটিটি ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে, যে ডিস্ট্রিক্টগুলোর স্পেশাল এডুকেশন কর্মসূচিগুলোতে প্রার্থীদের আইইপিযুক্ত শিক্ষার্থী নিবন্ধিত আছে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মতামত সাপেক্ষে অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে। (পৃষ্ঠা 2, অনুচ্ছেদ I.B.2 দেখুন।)
- ডি৭৫ কাউন্সিলের প্রার্থীদেরকে তাদের আবেদনপত্রে তাদের সন্তানরা কোন্ কোন্ ডি৭৫ স্কুলগুলোতে বর্তমানে যাচ্ছে, সে সম্পর্কিত তথ্য দিতে হবে। একেকজন প্রার্থীকে এ ধনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মর্জি অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে। (পৃষ্ঠা ৪, অনুচ্ছেদ II.C.2 দেখুন।)
- সিসিএসই ও ডি৭৫ কাউন্সিল, উভয়টির নির্বাচন প্রক্রিয়ায় নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে: নির্বাচন প্রক্রিয়া থেকে অ্যাডভাইজরি ভোট বাতিল করা হয়েছে, এবং এবং প্রার্থী ফোরাম আয়োজনের প্রক্রিয়া হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 2-3, অনুচ্ছেদ I.D; পৃষ্ঠায় ৪, অনুচ্ছেদ II.E দ্রষ্টব্য।)
- সিসিএসই নির্বাচন বিধিতে নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে: (1) যে সাতজন প্রার্থী সর্বোচ্চ সংখ্যক ভোট পাবেন, তাদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে গ্রহণ করা হবে, অন্যসব ডিস্ট্রিক্ট-এর চাইতে ব্যতিক্রম হিসেবে সিসিএসই-তে ডিস্ট্রিক্ট ৭৫-এর একাধিক প্রতিনিধি থাকতে পারেন, এবং ডিস্ট্রিক্ট ৭৫ সিসিএসই-তে দুই জনের বেশি প্রতিনিধি থাকতে পারবেন না; (২) যদি দুইজন ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতা প্রতিনিধি সাতজন প্রার্থীর মধ্যে সর্বোচ্চ ভোট লাভ করেন এবং যারা শর্তাধীনে নির্বাচিত হন, তাহলে

ইতোপূর্বে অবাছাইকৃত সর্বোচ্চ ভোট লাভকারী অপর দুজন প্রার্থীকে সিসিএসই-এর অবশিষ্ট শূন্য পদ দুটি পূরণের জন্য শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে, এতে, ডিস্ট্রিক্ট ৭৫ ছাড়া অন্য কোন ডিস্ট্রিক্ট সিসিএসই-তে একের অধিক প্রতিনিধি পাঠাতে পারবেন না, এই বিধিনিষেধ প্রযোজ্য;এবং (৩) যদি ডিস্ট্রিক্ট ৭৫-এর দুইজন পিতামাতা সাতজন প্রার্থীর মধ্যে সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত না হন এবং শর্তসাপেক্ষে মনোনীত হয়ে থাকেন, তাহলে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত ডিস্ট্রিক্ট ৭৫-এর দুই পিতামাতা শর্তসাপেক্ষে মনোনীত হবেন। (পৃষ্ঠা 3, অনুচ্ছেদ I.E.1.c. দেখুন।)

- যদি একই ডিস্ট্রিক্ট থেকে (ডিস্ট্রিক্ট ৭৫ ভিন্ন) বহু প্রার্থী বা দুইয়ের অধিক ডিস্ট্রিক্ট ৭৫-এর পিতামাতা নির্বাচনের ব্যাপারে বিধিনিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় সিসিএসই-এর নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন সব প্রার্থী এবং ইতিমধ্যে সিসিইএসই-তে যে ডিস্ট্রিক্ট-এর কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। (পৃষ্ঠা 3-4, অনুচ্ছেদ I.E.1.d.ii দেখুন।)
- যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে বিধিনিষেধ আরোপের কারণে ডি৭৫ কাউন্সিলের এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন সব প্রার্থী এবং ইতিমধ্যে ডি৭৫-এর কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। (পৃষ্ঠা 9, অনুচ্ছেদ II.F.c.ii দেখুন।)
- যদি একই সময় সিসিএসই-এর একাধিক নির্বাচন নতুন করে করতে হয়ে, সে নির্বাচনগুলো একই সময় হতে হবে, তবে প্রবিধানের নিয়ম অনুযায়ী প্রার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে করতে হবে। (পৃষ্ঠা 4, অনুচ্ছেদ I.E.1.d.v; পৃষ্ঠা 9, অনুচ্ছেদ II.F.c.iv দেখুন।)
- সিসিএইচএস-এ পাবলিক এডভোকেট-এর পক্ষ থেকে সিসিএসই এবং/অথবা ডি৭৫ কাউন্সিলে মনোনীত হতে আগ্রহী ব্যক্তিকে অবশ্যই পাবলিক এডভোকেটের অফিসে একটি আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, অনুচ্ছেদ I.E.2; পৃষ্ঠা 9-10, অনুচ্ছেদ II.F.2 দেখুন।)
- সিসিএসই এবং/অথবা ডি৭৫ কাউন্সিলের শূন্য পদে মনোনীত হতে আগ্রহী ব্যক্তিকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে, এই আবেদনপত্র সিসিএসই, ডি৭৫ কাউন্সিল কিংবা ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস) অফিসে পাওয়া যাবে। (পৃষ্ঠা 6, অনুচ্ছেদ I.I.b; পৃষ্ঠা 11, অনুচ্ছেদ II.J.b দেখুন।)
- যেসব জায়গায় অফিস ফর ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড এডভোকেসি (ওফিয়া) উল্লেখ ছিলো, সেসব জায়গায় তা ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস)-এ পরিবর্তিত হয়েছে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("সিসিএসই") ও ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল ("সিসিএসই") প্রার্থীদের যোগ্যতার শর্ত ও প্রার্থী মনোনয়ন ও নির্বাচন প্রক্রিয়া নিয়ন্ত্রণ করে এবং ডি৭৫ কাউন্সিলের ক্ষমতা ও দায়িত্ব নির্ধারণ করেন। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। উভয় কাউন্সিল ১১ জন ভোটাধিকারী সদস্য এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য সমবায়ে গঠিত হয়। এই প্রবিধানে প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী সিসিএসই-এর জন্য নয়জন ভোটাধিকারী সদস্যকে অবশ্যই একটি ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম ("আইইপি") আছে, এমন শিক্ষার্থীর পিতামাতাদের মধ্য থেকে বাছাই হতে হবে এবং অবশিষ্ট দুই ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দিবেন এনওয়াইসি পাবলিক এডভোকেট। এই প্রবিধানে প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী ডি৭৫ কাউন্সিলের জন্য নয়জন ভোটাধিকারী সদস্যকে অবশ্যই ডিস্ট্রিক্ট ৭৫-এর পরিষেবাপ্রাপ্ত শিক্ষার্থীর পিতামাতাদের মধ্য থেকে বাছাই হতে হবে এবং অবশিষ্ট দুই ভোটাধিকারী সদস্যকে নিযুক্তি দিবেন এনওয়াইসি পাবলিক এডভোকেট। সিসিএসই ও ডি৭৫ কাউন্সিলকে 'নিউ ইয়র্ক ওপেন মিটিং ল' অনুযায়ী সকল দায়-দায়িত্ব পালন করতে হবে।

I. সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশালএডুকেশন

A. যোগ্যতা

1. পিতামাতা সদস্য ও পাবলিক এডভোকেটের নিযুক্তি:

a. যেসব[1] আইইপিযুক্ত শিক্ষার্থী বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (ডিওই) পরিচালিত এবং/অথবা অর্থে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করছে, তাদের পিতামাতারা সিসিএসই- এর জন্য স্বমনোনয়নের যোগ্য। সিসিএসই-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদন করার সময় কাজ করার যোগ্য, কিন্তু পদে বহাল থাকাকালে আইইপি-যুক্ত সন্তানের পিতামাতা হিসেবে প্রার্থী হওয়ার যোগ্যতা হারালে সন্তান যে তারিখ থেকে আইইপিযুক্ত শিক্ষার্থী হিসেবে বিবেচিত থাকবে না, সে তারিখ থেকে পিতামাতা কাজ করার যোগ্যতা হারাবেন।[2]

b. নিচে উল্লিখিত ব্যক্তিগণ সংবিধি অনুসারে যোগ্য নন:

i. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

ii. বর্তমান ডিওই কর্মচারি;

iii. কোন দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত ব্যক্তি, যাকে কোন সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি থেকে এসব সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে, কিংবা সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে সংশ্লিষ্ট কোন অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন; এবং

iv. যেসব ব্যক্তি অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে বা সিইসি-তে আছেন।

c. এ ছাড়াও, নিম্নোল্লিখিত ব্যক্তিগণও কাজ করার যোগ্য নন:

i. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

ii. পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি থেকে, কিংবা কম্যুনিটি স্কুল বোর্ড থেকে এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ড থেকে তাদের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি থেকে বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

iii. ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে চ্যান্সেলরের

[1] পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সত-পিতা বা তত্ত্বাবধানকারী), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোন ব্যক্তিকে বুঝায়। ছেলেমেয়ের সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

[2] সংবিধি অনুসারে সিসিএসই-এর সকল সদস্যকে আইইপিযুক্ত শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে।

প্রবিধান D-125 অনুযায়ী স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।[3]

2. শিক্ষার্থী

আইইপিযুক্ত হাই স্কুলের শিক্ষার্থীদের যারা তাদের কাজের সময় সিনিয়র বর্ষের শিক্ষার্থী হবে, তারা সিসিএসই-তে কাজ করার যোগ্য হবে। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে আনুমানিক ৩০ হাই স্কুল ক্রেডিটসম্পন্ন একজন সিনিয়রকে বিবেচনা করা হবে।

B. পিতামাতাদের মনোনয়ন

1. সিসিএসই-তে কাজ করতে আগ্রহী পিতামাতাদেরকে স্বমনোনয়নের জন্য অনলাইনে একটি পূরণকৃত আবেদনপত্র www.nycparentleaders.org ঠিকানায় জমা দিতে হবে। প্রার্থীগণ একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE) আবেদন জমা দেওয়ার সময়সীমা www.nycparentleaders.org ঠিকানায় পোস্ট করবে। যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা বিভিন্ন স্কুল ও স্থানীয় সংস্থাগুলোর তালিকার জন্য ফেইস-এ যোগাযোগ করতে পারেন, এসব স্কুল ও সংস্থা তাদেরকে ইন্টারনেট সংযোজিত কম্পিউটার ব্যবহারের সুযোগ দিতে পারবে।

2. আইইপিযুক্ত সন্তান কোন্ স্পেশাল এডুকেশন প্রোগ্রামে অন্তর্ভুক্ত আছে, প্রার্থীদেরকে আবদেনপত্রে তার তথ্য দিতে হবে। এক একজন প্রার্থীকে এক একটিটি ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে, যে ডিস্ট্রিক্টগুলোর স্পেশাল এডুকেশন কর্মসূচিগুলোতে প্রার্থীদের আইইপিযুক্ত শিক্ষার্থী নিবন্ধিত আছে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মতামত সাপেক্ষে অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে।

3. প্রত্যেক প্রার্থীর আবেদনের অংশবিশেষ (নাম, যে প্রোগ্রামে সন্তান যাচ্ছে, জীবনবৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, এবং ব্যক্তিগত বিবৃতি) পিতামাতা ও সর্বজনের দেখার জন্য www.nycparentleaders.org ওয়েবসাইটে পোস্ট করা হবে।

C. নির্বাচকমণ্ডলী

সিসিইসই-এর সদস্য হিসেবে কাজ করার জন্য প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ও বরো প্রেসিডেন্টস কাউন্সিল এবং ডিস্ট্রিক্ট ৭৫ তাদের সদস্যদের মধ্য থেকে একজন করে আইইপিযুক্ত শিক্ষার্থীর পিতামাতা মনোনীত করবে। যদি পরিস্থিতি এমন হয় যে প্রেসিডেন্ট কাউন্সিলে কোন আইইপিযুক্ত শিক্ষার্থীর পিতামাতা নেই, সেক্ষেত্রে প্রেসিডেন্ট কাউন্সিলকে সে ডিস্ট্রিক্ট বা হাই স্কুলের ক্ষেত্রে বরো থেকে একজন ইএলএল শিক্ষার্থীর পিতামাতাকে, স্বেচ্ছাসেবী নির্বাচক হতে অনুরোধ করতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলকে স্বেচ্ছায় এগিয়ে আসা পিতামাতাদের মধ্য থেকে একজন পিতামাতাকে সিসিএসই নির্বাচক হিসেবে মনোনয়ন করতে হবে। যেসব পিতামাতা সিসিএসই-এর জন্য প্রার্থী হবেন, তারা নির্বাচক হিসেবে কাজ করার যোগ্য নন।

D. প্রার্থী ফোরাম

1. ফেইস একটি প্রার্থী ফোরাম আহ্বান করবে যেখানে সিসিএসই-এর প্রার্থীরা নির্বাচক এবং অন্যান্য পিতামাতা ও আগ্রহী পক্ষের সামনে নিজেদের উপস্থাপন করার সুযোগ লাভ করবেন।

2. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার পর, তবে নির্বাচনের বছরের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটের দিনের আগে। ফেইস প্রার্থী ফোরামের জন্য একটি ডিওই-এর স্থান, তারিখ এবং উপযুক্ত সময় নির্ধারণ করবে, এবং প্রার্থী ফোরামের জন্য সকল পারমিট সংগ্রহ করবে। ফেইস নমিনি ফোরামের সাথে সংশ্লিষ্ট সকল পারমিট এবং অন্যান্য প্রয়োজনীয় সকল ব্যয় বহন করবে।

3. ফেইস প্রেসিডেন্টস কাউন্সিলকে প্রার্থী ফোরামে বিলি করার জন্য সংশ্লিষ্ট সিসিএসই-ভিত্তিক আলাদা করে তৈরি নমিনি ব্রোশিওর-এর কপি দেবে যাতে সংশ্লিষ্ট সিসিএসই-এর প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম ও পরিচিতিমূলক বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে। ফেইস নমিনি ফোরাম আয়োজনের জন্য প্রয়োজনানুযায়ী বাড়তি সহায়-সঙ্গতি দিয়ে সহায়তা করবে।

[3] এই প্রবিধানের সেকশন I.A.1.b এবং I.A.1.c-এ উল্লিখিত যোগ্যতার শর্ত পাবলিক এডভোকেট-এর মনোনীতদের বেলায় প্রযোজ্য হবে।

E. নির্বাচন প্রক্রিয়া

1. পিতামাতা সদস্য নির্বাচন (ভোট)

a. ভোট দেওয়ার জন্য নির্বাচকদের www.nycparentleaders.org ঠিকানায় লগ ইন করতে হবে। লগ ইন করার পর নির্বাচকমণ্ডলীদেরকে একটি ব্যালট পেপার দেওয়া হবে যাতে সিসিএসই-এর সকল প্রার্থীর নাম ও তাদের সন্তান যে স্কুলে যায়, সে স্কুল (কিংবা বরো, যদি ই প্রার্থীল সন্তান কোন ডিস্ট্রিক্ট ৭৫ ব্যতীত হাই স্কুলে ভর্তি থাকে) যে ডিস্ট্রিক্ট-এ অবস্থিত, তা উল্লেখিত আছে। প্রত্যেক নির্বাচক দুইজন প্রার্থীকে ভোট দেবেন। ফেইস নির্বাচকদেরকে ব্যালট জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্য দেবেন।

b. সিসিএসই-এর নয়টি সদস্য (ভোটাধিকারসম্পন্ন) পদের মধ্যে কমপক্ষে দুইটি পদ অবশ্যই ডিস্ট্রিক্ট ৭৫ প্রোগ্রামে নিবন্ধিত শিক্ষার্থীদের পিতামাতা প্রার্থীদের মধ্য থেকে পূরণ করতে হবে (এর পর থেকে "ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতা" হিসেবে উল্লিখিত)। বাকি সাতটি পদ যে কোন যোগ্য পিতামাতাদের দ্বারা পূরণ করা যেতে পারে।

c. যখন ব্যালট গণনা করা হবে:

i. সবচেয়ে বেশি সংখ্যক ভোট পাওয়া প্রার্থীদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে বিবেচনা করা হবে। তবে, কোনো ডিস্ট্রিক্ট ৭৫ ছাড়া অন্য কোন ডিস্ট্রিক্ট সিসিএসই-তে একাধিক পিতামাতা প্রতিনিধি পেতে পারে না, যার ব্যতিক্রম অনুচ্ছেদ I.E.1.c.iii-তে বর্ণিত আছে। ডিস্ট্রিক্ট ৭৫ সিসিএসই-তে দুইজনের বেশি পিতামাতা প্রতিনিধি পেতে পারে না, যার ব্যতিক্রম অনুচ্ছেদ I.E.1.c.iii-তে বর্ণিত আছে। যদি একই ডিস্ট্রিক্ট থেকে একাধিক প্রার্থী (ডিস্ট্রিক্ট ৭৫ ছাড়া) নির্বাচিত হন, কিংবা যদি ডিস্ট্রিক্ট ৭৫ থেকে দুইজনের অধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থীকে মনোনীত বলে ধরে নেওয়া হবে। একই ডিস্ট্রিক্ট থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন ডিস্ট্রিক্টের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে সিসিএসই-এ শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

ii. যদি ৭জন প্রার্থীর মধ্য থেকে যদি দুইজন ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতা সবচেয়ে বেশি ভোট পেয়ে থাকেন এবং তারা শর্তাধীনে সিসিএসই-তে নির্বাচিত হন, তাহলে ডিস্ট্রিক্ট ৭৫ ভিন্ন অন্য কোন ডিস্ট্রিক্ট সিসিএসই-তে একজনের বেশি প্রতিনিধি পাঠানো নিষিদ্ধ থাকা সাপেক্ষে পূর্বে অনির্বাচিত প্রার্থীদের যে দুইজন সবচেয়ে বেশি ভোট পেয়েছিলেন, তাহলে শূন্য দুটি আসন পূরণের জন্য তাদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। যদি ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রার্থী দুইজন যদি সবচেয়ে বেশি ভোট প্রাপ্তদের দুইজন হয়ে থাকেন এবং তারা শর্তাধীনে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে সবচেয়ে বেশি ভোট পাওয়া ডিস্ট্রিক্ট ৭৫-এর দুইজন পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। সিসিএসই-তে তৃতীয় একজন ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত করা যাবে না, যার ব্যতিক্রম অনুচ্ছেদ I.E.1.c.iii-তে বর্ণিত আছে।

iii. অনুচ্ছেদ I.E.1.c.i এবং I.E.1.c.ii -তে উল্লিখিত নিষেধাজ্ঞা সেসব পরিস্থিতিতে প্রয়োগ করা যাবেন না, যেখানে নিষেধাজ্ঞা প্রয়োগের ফলে সিসিএসই-তে দায়িত্বপ্রাপ্ত পিতামাতা সংখ্যা নয় জনের কম হতে পারে।

d. প্রার্থীদের মধ্যে টাই হলো (প্রার্থীরা সমান ভোট পেলে), কিংবা প্রাথমিকভাবে নয়জনের কম মনোনীত হলে, পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে। এ ধরনের পরিস্থিতিতে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।

i. সিসিএসই-এর এক বা একাধিক আসনে টাই হওয়ার কারণে যদি নতুন করে নির্বাচন করা আবশ্যক হয়, তাহলে শুধু টাই হয়েছে যেসব প্রার্থীদের মধ্যে, তারাই পুনর্নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

ii. যদি একই ডিস্ট্রিক্ট থেকে (ডিস্ট্রিক্ট ৭৫ ভিন্ন) বহু প্রার্থী বা দুইয়ের অধিক ডিস্ট্রিক্ট ৭৫-এর পিতামাতা নির্বাচনের ব্যাপারে I.E.1.c.i এবং I.E.1.c.ii অনুচ্ছেদে বর্ণিত বিধিনিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন সব প্রার্থী এবং ইতিমধ্যে সিসিইএসই-তে যে ডিস্ট্রিক্ট-এর কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। যদি পুনর্নির্বাচনের পরও সকল আসন পূর্ণ না হয়, তাহলে অনুচ্ছেদ I.E.1.c.iii অনুযায়ী ব্যতিক্রমী নিয়ম প্রয়োগ করা হবে।

iii. দুইজন ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতা নির্বাচিত হওয়ার কারণে পূনঃনির্বাচন (রান অফ) আবশ্যক হলে শুধু ডিস্ট্রক্ট ৭৫ পিতামাতা প্রার্থী পুনর্নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন।

iv. যদি অনুচ্ছেদ I.E.1.d.i, I.E.1.d.ii, এবং I.E.1.d.iii প্রয়োগের কারণ ছাড়া অন্য কোন কারণে এক বা একাধিক আসন অপূর্ণ থাকার নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে যেসব প্রার্থী ইতিমধ্যে নির্বাচিত হননি, তারা পুনঃনির্বাচনে অংশগ্রহণ করার যোগ্য হবেন।

v. উপরে উল্লিখিত অনুচ্ছেদ I.E.1.d.i, I.E.1.d.ii, I.E.1.d.iii, এবং I.E.1.d.iv -এর সাথে সামঞ্জস্যবিধান করার কারণে যদি একাধিক পুনর্নির্বাচন আবশ্যক হয়, তাহলে তা একই সময়ে, কিন্তু ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করে একাধিক নির্বাচন করতে হবে।

vi. যদি পুনর্নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করেও সকল আসন পূর্ণ না হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন প্রক্রিয়া পরিচালনার দায়িত্বপ্রাপ্ত নিরপেক্ষ সংস্থা উপরে উল্লিখিত অনুচ্ছেদ I.E.1.d.i, I.E.1.d.ii, I.E.1.d.iii, এবং I.E.1.d.iv র অনুযায়ী লটারির মাধ্যমে বিজয়ী প্রার্থী বাছাই করবে। তবে, কোন প্রার্থী যদি প্রাথমিক নির্বাচন ও পুনর্নির্বাচন উভয়টিতেই কোন ভোট না পান, তাহলে কাউন্সিলের আসন শূন্য থেকে যাবে যা এই প্রবিধানের অনুচ্ছেদ I.I.1.b এবং I.I.1.c অনুযায়ী পূরণ করতে হবে।

e. কোনো নির্বাচিত প্রার্থী যিনি ডিস্ট্রিক্ট ৭৫-এর জন্য সংরক্ষিত নয়, এমন কোন পদ পূরণ করছেন, তিনি নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কিন্তু নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী যিনি ইতোমধ্যেই সিসিএসই-তে প্রতিনিধি নেই, এমন কোনো স্কুল থেকে আসেন, তাহলে তিনি শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন।[4] ডিস্ট্রিক্ট ৭৫-এর সংরক্ষিত আসন পূরণকারী মনোনীত পদের ক্ষেত্রে প্রার্থী যদি ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতা হন যিনি প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোট লাভকারী হন, তাহলে তাকে শর্তাধীনে নির্বাচিত বলে বিবেচনা করা হবে। যদি উপরের বিধি অনুযায়ী নির্বাচন অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে। যদি যোগ্য কোন প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে সিসিএসই-এর একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন I.I.1.b এবং I.I.1.c অনুযায়ী পূরণ করা হবে।

f. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

2. এনওয়াইসি পাবলিক এডভোকেটের নিযুক্তি

এনওয়াইসি পাবলিক এডভোকেট দুইজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবেন। সদস্য দুজনকে শিক্ষকতা, প্রশিক্ষণ কিংবা প্রতিবন্ধীতা আছে এমন শিক্ষার্থীদের জন্য নিযুক্তি প্রদানের ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হতে হবে যাকে তাদেরকে নিউ ইয়র্কর স্কুলসমূহে স্পেশাল এডুকেশনকে আরও কার্যকর করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় সক্ষম হতে হবে। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়। সিসিএসই-এর নিযুক্তি পেতে আগ্রহীদেরকে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

3. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন) নিযুক্তি

সিসিএসই-তে কাজ করার জন্য প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার আইইপি আছে, এমন একজন হাই স্কুল সিনিয়রকে মনোনীত করবেন। শিক্ষার্থী সদস্য এক বছর মেয়াদের জন্য কাজ করেন।

F. যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি সিসিএসই-তে কাজ করার যোগ্য কি-না। চ্যান্সেলর যদি নিশ্চিত করেন যে আইন অনুযায়ী প্রার্থীর যোগ্যতা নেই, তাহলে চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত ইস্যুর পরবর্তী সাত দিনের মধ্যে জনসাধারণের পর্যবেক্ষণের জন্য বরো-তে এবং ফেইস-এর সেন্ট্রাল অফিসে সংরক্ষণ করা হবে। ইস্যুকৃত এ ধরনের সিদ্ধান্তে ঘটনাগত ও আইনগত ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেলর কোন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করলে তার স্থলাভিষিক্ত হবেন পরবর্তী সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থী, যদি-না তিনি ইতিমধ্যে সিসিএসই-তে প্রতিনিধি আছে, এমন স্কুল থেকে এসে থাকেন।

[4] যদি অযোগ্যতা নির্বাচনের বছরের ২৫ জুনের পর ঘটে, তাহলে এই প্রবিধানের সেকশন I.I.1.b এবং I.I.1.c প্রয়োগ হবে।

G. মেয়াদ

সিসিএসই সদস্য বাছাই করা হবে মে ২০১১ সালের মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং এরপর থেকে প্রতি দুই বছর পর পর, বাছাই করার পরবর্তী জুলাই মাসের ১ তারিখ থেকে মেয়াদ শুরু হবে। মনোনয়ন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এই সময়সীমার মধ্যে অন্তর্ভুক্ত আছে পদ্ধতি সম্পর্কে সবাইকে জানান, পিতামাতার মনোনয়ন, নমিনি ফোরাম এবং নির্বচকদের ভোট দেওয়া। ফেইস এই প্রবিধান বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা ঘোষণা করবে।

H. পদত্যাগ

1. পিতামাতা সদস্য

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব অর্পন করেছেন। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক এডভোকেটের নিযুক্ত সদস্যের পদত্যাগপত্র পাবলিক এডভোকেটকে উদ্দেশ্য করে লিখিতভাবে জমা দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট পাবলিক এডভোকেটের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

3. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য চ্যান্সেলর চিফ অ্যাচিভমেন্ট অফিসার নিযুক্ত করেন যাতে তিনি তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণ করেন। এ ধরনের পদত্যাগপত্র জমা দেওয়ার সময় থেকে বা প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারের ফাইলে জমার পর থেকে কার্যকর হবে, যদি না জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগপত্রে পদত্যাগের অনধিক ৩০ দিনের অগ্রীম তারিখ নির্দিষ্টভাবে উল্লিখিত থাকে। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

I. পদশূন্যতা

1. পিতামাতা ও পাবলিক এডভোকেট-এর নিযুক্ত সদস্যের পদশূন্যতা

a. সিসিএসই-এর কোন সদস্য যিনি তার মেয়াদকালে যথাযথভাবে সভার কথা তাকে জানিয়ে দেওয়া সত্ত্বেও লিখিতভাবে যথার্থ কারণ না দেখিয়ে সিসিএসই-এর তিনটি সভায় উপস্থিত হতে অবহেলা করেন বা অনুপস্থিত থাকেন, তার পদ শূন্য হয়ে যাবে।[5] প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা দাপ্তরিক বিবরণীতে লিপিবদ্ধ করা হবে। পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যদের সকল অনুপস্থিতি অবশ্যই পাবলিক এডভোকেটকে সিসিএইচএস-এর প্রশাসনিক কর্মকর্তা বা প্রেসিডেন্ট কর্তৃক জানাতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর কাউন্সিল আসনটিকে নিয়মিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য ঘোষণা করবে এবং চ্যান্সেলরকে (কিংবা ক্ষেত্র বিশেষে পাবলিক এডভোকেটকে) এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে।

b. সিসিএসই-তে যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, সিসিএসই-কে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে। পিতামাতাদের পদশূন্যতা পূরণের পূর্বে সিসিএসই-কে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতার সাথে আলোচনা করতে হবে। সিসিএসই-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট পদ পূরণে আগ্রহী পিতামাতাদেরকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। সিসিএসই বা ফেইস অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে।

[5] নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোন আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; সিসিএসই সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে সিসিএসই-এর সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা সিসিএইচএস-এ উপযুক্ত মনে করে।

c. টাই ভোটের ঘোষণা দেওয়ার ৬০ দিনের মধ্যে যদি সিসিএসই-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি সিসিএসই ৬০ দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর সে শূন্য আসন পূরণ করতে পারবেন।

d. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্ত করবেন। পাবলিক এডভোকেটের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে পাবলিক এডভোকেট অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

2. শিক্ষার্থী পদশূন্যতা

শিক্ষার্থী সদস্য পদের শূন্যতার ক্ষেত্রে প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার অন্য একজন যোগ্য আইইপিযুক্ত শিক্ষার্থী মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কাজে নিযুক্তি দেবেন। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার ফেইস ও সিসিএসই-কে তার নিযুক্তির কথা অবহিত করবেন।

II. <u>ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল</u>

A. দায়িত্ব ও কর্তব্য

1. ডি৭৫ কাউন্সিল নিম্নলিখিত ক্ষমতা ও দায়িত্ব পালন করবে:

a. ডিস্ট্রিক্ট ৭৫ পরিষেবার সাথে সংশ্লিষ্ট শিক্ষা ও শিক্ষানির্দেশনা বিষয়ে পরামর্শ ও মন্তব্য প্রদান করা;

b. ডিস্ট্রিক্ট ৭৫ শিক্ষার্থীদের পরিষেবা প্রদানে সিটি ডিস্ট্রিক্ট-এর কার্যকারিতা সম্পর্কে একটি বার্ষিক প্রতিবেদন তৈরি করা, যথাযথ হলে, কীভাবে দক্ষতা বাড়ান যায় ও অধিক পরিসেবা প্রদান করা যায়, সেসব বিষয়ে সুপারিশ প্রদান করা; এবং

c. প্রতিমাসে কমপক্ষে একটি জনসাধারণের জন্য উন্মুক্ত সভা আয়োজন করা যেখানে জনসাধারণ ডিস্ট্রিক্ট ৭৫-এর শিক্ষার্থীরা যেসব সমস্যা ভোগ করছে, সেগুলো আলোচনা করতে পারবে।

2. নিম্নলিখিত দায়িত্ব পালনের জন্য একজন সেক্রেটারি নিয়োগ দেওয়ার, তাকে তত্ত্বাবধান ও মূল্যায়ন করার অধিকার ডি৭৫ কাউন্সিল সংরক্ষণ করে:

a. সভার বিজ্ঞপ্তি, আলোচ্যসূচি ও কার্যবিবরণী প্রস্তুত করা;

b. কর্মপন্থা ও ডি৭৫ কাউন্সিলের অন্যান্য সভার নথি তৈরি ও ধারণ করা; এবং

c. সভার জন্য অবহিতকরণমূলক বিষয়াদি ও তথ্যমূলক উপকরণ তৈরি করা।

B. যোগ্যতা

1. পিতামাতা সদস্য ও পাবলিক এডভোকেটের নিযুক্তি:

a. শুধু সিটিওয়াইড স্পেশাল এডুকেশন সার্ভিস (ডি৭৫) লাভকারী শিক্ষার্থীদের পিতামাতাগণ ডি৭৫ কাউন্সিলের জন্য স্বমনোনয়নের যোগ্য। ডি৭৫ কাউন্সিল-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদন করার সময় কাজ করার যোগ্য হওয়া সত্ত্বেও পদে আসীন থাকাকালে সন্তানের ডি৭৫ কর্মসূচিতে যাওয়া বন্ধ হয়ে গেলে পিতামাতাগণ ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচির শিক্ষার্থীর পিতামাতা হিসেবে কাজ করার যোগ্যতা হারাবেন।

b. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

i. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

ii. বর্তমান ডিওই কর্মচারি;

iii. দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত বা সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি) থেকে সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত অপকর্মের জন্য অপসরাণকৃত, কিংবা সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে সংশ্লিষ্ট কোন অপরাধের জন্য দণ্ডিত ব্যক্তি; এবং

iv. যেসব ব্যক্তি অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে বা সিইসি-তে আছেন।

c. এ ছাড়াও, নিম্নোল্লিখিত ব্যক্তিগণও কাজ করার যোগ্য নন:

i. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

ii. পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি থেকে, কিংবা কম্যুনিটি স্কুল বোর্ড থেকে এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ড থেকে তাদের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি থেকে বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

iii. ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে চ্যান্সেলরের প্রবিধান D-125 অনুযায়ী স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।[6]

2. শিক্ষার্থী সদস্য

ডিস্ট্রিক্ট ৭৫ হাই স্কুলের শিক্ষার্থীদের যারা তাদের কাজের সময় সিনিয়র বর্ষের শিক্ষার্থী হবে, তারা ডি৭৫ কাউন্সিলে কাজ করার যোগ্য। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে আনুমানিক ৩০ হাই স্কুল ক্রেডিটসম্পন্ন একজন সিনিয়রকে বিবেচনা করা হবে।

C. পিতামাতাদের মনোনয়ন

1. ডি৭৫ কাউন্সিল-এ কাজ করতে আগ্রহী পিতামাতারা অনলাইনে www.nycparentleaders.org ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র জমা দিয়ে প্রার্থী হতে পারবেন। প্রার্থীগণ একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE) আবেদন জমা দেওয়ার সময়সীমা www.nycparentleaders.org ঠিকানায় পোস্ট করবে। যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা বিভিন্ন স্কুল ও স্থানীয় সংস্থাগুলোর তালিকার জন্য ফেইস-এ যোগাযোগ করতে পারেন, এসব স্কুল ও সংস্থা তাদেরকে ইন্টারনেট সংযোজিত কম্পিউটার ব্যবহারের সুযোগ দিতে পারবে।

2. তাদের সন্তান কোন্ ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে বর্তমানে আছে, প্রার্থীদেরকে আবেদনপত্রে তার তথ্য দিতে হবে। একেকজন প্রার্থীকে এ ধনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মর্জি অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে।

3. প্রত্যেক প্রার্থীর আবেদনের অংশবিশেষ (নাম, যে প্রোগ্রামে সন্তান যাচ্ছে, জীবনবৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, এবং ব্যক্তিগত বিবৃতি) পিতামাতা ও সর্বজনের দেখার জন্য www.nycparentleaders.org ওয়েবসাইটে পোস্ট করা হবে।

D. নির্বাচকমণ্ডলী

চ্যান্সেলরের প্রবিধান A-660 এর বাধ্যবাধকতা অনুসারে প্রাসঙ্গিক বরোর প্রতিটি ডিস্ট্রিক্ট ৭৫ হাই স্কুল থেকে তিনজন পিএ/পিটিএ কর্মকর্তা (যেমন প্রেসিডেন্ট, সেক্রেটারি, ট্রেজারার) ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল-এর পিতামাতা সদস্য নির্বাচক হবেন।[7] যেসব পিতামাতা ডি৭৫ কাউন্সিল-এর জন্য প্রার্থী হবেন, তারা নির্বাচক হিসেবে কাজ করার যোগ্য নন।

E. প্রার্থী ফোরাম

1. ডিস্ট্রিক্ট ৭৫ প্রেসিডেন্টস কাউন্সিল ফেইস-এর সাথে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একটি নমিনি ফোরাম আয়োজন করবে যেখানে ডি৭৫ কাউন্সিলের প্রার্থীদেরকে নির্বাচকমণ্ডলী ও পিতামাতা এবং অন্যান্য আগ্রহীদের সামনে নিজেরদের উপস্থাপনার সুযোগ দেওয়া হবে।

[6] এই প্রবিধানের সেকশন II.B.1.b এবং II.B.1.c-এ উল্লিখিত যোগ্যতার শর্ত পাবলিক এডভোকেট-এর মনোনীতদের বেলায় প্রযোজ্য হবে।

[7] কো-প্রেসিডেন্ট, কো-সেক্রেটারি বা কো-ট্রেজারারের ক্ষেত্রে, পিএপিটিএ কার্যকরি বোর্ডের বাকী সব সদস্য মনোনীত করবেন কোন কো-অফিসার (সহকারী কর্মকর্তা) একজন নির্বাচক হিসেবে কাজ করবেন।

2. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার পর, তবে নির্বাচনের বছরের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটের দিনের আগে। ডিস্ট্রিক্ট ৭৫ প্রেসিডেন্টস কাউন্সিল নমিনি ফোরামের জন্য একটি ডিওই-এর স্থান, তারিখ এবং উপযুক্ত সময় নির্ধারণ করবে, এবংনমিনি ফোরামের জন্য সকল আবশ্যক পারমিট সংগ্রহ করবে। ফেইস নমিনি ফোরামের সাথে সংশ্লিষ্ট সকল পারমিট এবং অন্যান্য প্রয়োজনীয় সকল ব্যয় বহন করবে।

3. ফেইস ডিস্ট্রিক্ট ৭৫ প্রেসিডেন্টস কাউন্সিলকে নমিনি ফোরামে বিলি করার জন্য ডিস্ট্রিক্ট-ভিত্তিক আলাদা করে তৈরি নমিনি ব্রোশিওর-এর কপি দেবে যাতে সংশ্লিষ্ট ডি৭৫ কাউন্সিলে প্রতিদ্বন্দ্বিতাকারী সকল প্রার্থীর নাম ও নিজ নিজ পরিচিতিমূলক বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে। ফেইস নমিনি ফোরাম আয়োজনের জন্য প্রয়োজনানুযায়ী বাড়তি সহায়-সঙ্গতি দিয়ে সহায়তা করবে।

F. নির্বাচন প্রক্রিয়া

1. পিতামাতা সদস্য নির্বাচন (ভোট)

a. ভোট দেওয়ার জন্য নির্বাচকদের www.nycparentleaders.org ঠিকানায় লগ ইন করতে হবে। লগ অন হওয়ার পর নির্বাচকদেরকে একটি ব্যালট দেওয়া হবে যাতে তাদের ডি৭৫ কাউন্সিল-এর সকল প্রার্থীর নাম দেওয়া আছে। প্রত্যেক নির্বাচক দুইজন প্রার্থীকে ভোট দেবেন। ফেইস নির্বাচকদেরকে ব্যালট জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্য দেবেন।

b. যখন ব্যালট গণনা করা হবে:

i. সবচেয়ে বেশি সংখ্যক ভোট পাওয়া প্রার্থীদেরকে শর্তাধীনে নির্বাচিত বলে বিবেচনা করা হবে। তবে, কোনো স্কুলেরই ডি৭৫ কাউন্সিলে একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম II.F.1.b.ii অনুচ্ছেদে বর্ণিত আছে। যদি একই স্কুল থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সর্বোচ্য ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচত বিবেচিত হবেন। সে স্কুল থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন স্কুলের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে ডি৭৫ কাউন্সিলে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

ii. সেসব পরিস্থিতিতে II.F.1.b.i অনুচ্ছেদে বর্ণিত নিষেধাজ্ঞা প্রয়োগ করা হলে নির্বাচিতদের সংখ্যা নয়জনের চাইতে কম হতে পারে, সেখানে এই ধারাটি প্রয়োগ করা যাবে না।

c. প্রার্থীদের মধ্যে টাই হলো (প্রার্থীরা সমান ভোট পেলে), কিংবা প্রাথমিকভাবে নয়জনের কম মনোনীত হলে, পুনর্নির্বাচন অনুষ্ঠিত হব। এ ধরনের পরিস্থিতিতে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।

i. ডি৭৫ কাউন্সিল-এর এক বা একাধিক আসনে টাই হওয়ার কারণে যদি নতুন করে নির্বাচন করা আবশ্যক হয়, তাহলে শুধু টাই হয়েছে যেসব প্রার্থীদের মধ্যে, তারাই পুনর্নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

ii. যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে সেকশন II.F.1.b.i অনুযায়ী বিধি নিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন প্রার্থী এবং ইতিমধ্যে ডি৭৫ কাউন্সিল-এ কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। যদি পুনর্নির্বাচনের পরও সকল আসন পূর্ণ না হয়, তাহলে অনুচ্ছেদ II.F.1.b.ii অনুযায়ী ব্যতিক্রমী নিয়ম প্রয়োগ করা হবে।

iii. যদি সেকশন II.F.1.c.i এবং II.F.1.c.ii প্রয়োগের কারণ ছাড়া অন্য কোন কারণে এক বা একাধিক আসন অপূর্ণ থাকার নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে যেসব প্রার্থী ইতিমধ্যে নির্বাচিত হননি, তারা পুনর্নির্বাচনে অংশগ্রহণ করার যোগ্য হবেন।

iv. উপরে উল্লিখিত সেকশন II.F.1.c.i, II.F.1.c.ii এবং II.F.1.c.iii-এর সাথে সামঞ্জস্যবিধান করার কারণে যদি একাধিক পুনর্নির্বাচন আবশ্যক হয়, তাহলে তা সেকশন II.F.1.c.i, II.F.1.c.ii এবং II.F.1.c.iii-এ উল্লিখিত শর্তানুযায়ী একই সময়ে, কিন্তু ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করে একাধিক নির্বাচন করতে হবে।

v. যদি পুনির্নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করেও সকল আসন পূর্ণ না হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন প্রক্রিয়া পরিচালনার দায়িত্বপ্রাপ্ত নিরপেক্ষ সংস্থা উপরে উল্লিখিত সেকশন II.F.1.c.i, II.F.1.c.ii এবং II.F.1.c.iii অনুযায়ী লটারির মাধ্যমে বিজয়ী প্রার্থী বাছাই করবে।

তবে, কোন প্রার্থী যদি প্রাথমিক নির্বাচন ও পুনর্নির্বাচন উভয়টিতেই কোন ভোট না পান, তাহলে কাউন্সিলের আসন শূন্য থেকে যাবে যা এই প্রবিধানের অনুচ্ছেদ II.J.1.b এবং II.J.1.c অনুযায়ী পূরণ করতে হবে।

d. যদি কোনো নির্বাচিত প্রার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কিন্তু নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন।[8] যদি উপরের বিধি অনুযায়ী নির্বাচন অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে। যদি যোগ্য কোন প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে ডি৭৫ কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন II.J.1.b এবং II.J.1.c অনুযায়ী পূরণ করা হবে।

e. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

2. এনওয়াইসি পাবলিক এডভোকেটের নিযুক্তি

এনওয়াইসি পাবলিক এডভোকেট দুইজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবেন। সদস্য দুজনকে শিক্ষকতা, প্রশিক্ষণ কিংবা প্রতিবন্ধীতা আছে এমন শিক্ষার্থীদের জন্য নিযুক্তি প্রদানের ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হতে হবে যাকে তাদেরকে নিউ ইয়র্কর স্কুলসমূহে স্পেশাল এডুকেশনকে আরও কার্যকর করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় সক্ষম হতে হবে। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়। ডি৭৫ কাউন্সিলের নিযুক্তি পেতে আগ্রহীদেরকে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

3. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন) নিযুক্তি

ডি৭৫-এ কাজ করার জন্য প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার আইইপি আছে, এমন একজন ডিস্ট্রিক্ট ৭৫ হাই স্কুল সিনিয়রকে মনোনীত করবেন। শিক্ষর্থী সদস্য এক বছর মেয়াদের জন্য কাজ করেন।

G. যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি ডি৭৫-এ কাজ করার যোগ্য কি-না। চ্যান্সেলর যদি নিশ্চিত করেন যে আইন অনুযায়ী প্রার্থীর যোগ্যতা নেই, তাহলে চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত ইস্যুর পরবর্তী সাত দিনের ম্যধ্যে জনসাধারণের পর্যবেক্ষণের জন্য বরো-তে এবং ফেইস-এর সেন্ট্রাল অফিসে সংরক্ষণ করা হবে। ইস্যুকৃত এ ধরনের সিদ্ধান্তে ঘটনাগত ও আইনগত ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেল কোন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করলে তার স্থলাভিষিক্ত হবেন পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী, যদি-না তিনি ইতিমধ্যে ডি৭৫-এ কাউন্সিলে প্রতিনিধি আছে, এমন স্কুল থেকে এসে থাকেন।

H. মেয়াদ

ডি৭৫ কাউন্সিল সদস্য বাছাই করা হবে মে ২০১১ সালের মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং এরপর থেকে প্রতি দুই বছর পর পর, বাছাই করার পরবর্তী জুলাই মাসের ১ তারিখ থেকে মেয়াদ শুরু হবে। মনোনয়ন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এই সময়সীমার মধ্যে অন্তর্ভুক্ত আছে পদ্ধতি সম্পর্কে সবাইকে জানান, পিতামাতার মনোনয়ন, নমিনি ফোরাম এবং নির্বচকদের ভোট দেওয়া। ফেইস এই প্রবিধান বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা ঘোষণা করবে।

I. পদত্যাগ

1. পিতামাতা সদস্য

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব অর্পন করেছেন। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

[8] যদি অযোগ্যতা নির্বাচনের বছরের ২৫ জুনের পর ঘটে, তাহলে এই প্রবিধানের সেকশন II.J.1.b এবং II.J.1.c প্রয়োগ হবে।

2. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক এডভোকেটের নিযুক্ত সদস্যের পদত্যাগপত্র পাবলিক এডভোকেটকে উদ্দেশ্য করে লিখিতভাবে জমা দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট পাবলিক এডভোকেটের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

3. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য চ্যান্সেলর চিফ অ্যাচিভমেন্ট অফিসার নিযুক্ত করেন যাতে তিনি তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণ করেন। এ ধরনের পদত্যাগপত্র জমা দেওয়ার সময় থেকে বা প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারের ফাইলে জমার পর থেকে কার্যকর হবে, যদি না জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগপত্রে পদত্যাগের অনধিক ৩০ দিনের অগ্রীম তারিখ নির্দিষ্টভাবে উল্লিখিত থাকে। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

J. পদশূন্যতা

1. পিতামাতা ও পাবলিক এডভোকেট-এর নিযুক্ত সদস্যের পদশূন্যতা

a. ডি৭৫ কাউন্সিলের কোন সদস্য যিনি তার মেয়াদকালে যথাযথভাবে সভার কথা তাকে জানিয়ে দেওয়া সত্ত্বেও লিখিতভাবে যথার্থ কারণ না দেখিয়ে কাউন্সিলের তিনটি সভায় উপস্থিত হতে অবহেলা করেন বা অনুপস্থিত থাকেন, তার পদ শূন্য হয়ে যাবে।[9] প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা দাপ্তরিক বিবরণীতে লিপিবদ্ধ করা হবে। পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যদের সকল অনুপস্থিতি অবশ্যই পাবলিক এডভোকেটকে ডি৭৫ কাউন্সিলের প্রশাসনিক কর্মকর্তা বা প্রেসিডেন্ট কর্তৃক জানাতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর কাউন্সিল আসনটিকে নিয়মিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য ঘোষণা করবে এবং চ্যান্সেলরকে (কিংবা ক্ষেত্র বিশেষে পাবলিক এডভোকেটকে) এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে।

b. ডি৭৫ কাউন্সিলে যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, কাউন্সিলকে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে। কাউন্সিলকে তখন ডিস্ট্রিক্ট ৭৫ প্রেসিডেন্টস কাউন্সিলের সাথে শূন্য পিতামাতার পদ পূরণের পূর্বে কথা বলতে হবে। ডি৭৫ কাউন্সিলের পিতামাতাদের জন্য নির্দিষ্ট পদ পূরণে আগ্রহী পিতামাতাদেরকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে ডি৭৫ কাউন্সিল বা ফেইস অফিস থেকে।

c. টাই ভোটের ঘোষণা দেওয়ার ৬০ দিনের মধ্যে যদি ডি৭৫ কাউন্সিল-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি ডি৭৫ কাউন্সিল ৬০ দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর সে শূন্য আসন পূরণ করতে পারবেন।

d. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্ত করবেন। পাবলিক এডভোকেটের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে পাবলিক এডভোকেট অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

2. শিক্ষার্থী পদশূন্যতা

শিক্ষার্থী সদস্য পদের শূন্যতার ক্ষেত্রে প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার অন্য একজন যোগ্য ডিস্ট্রিক্ট ৭৫ সিনিয়র শিক্ষার্থী মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কাজে নিযুক্তি দেবেন। প্রতিবন্ধিতাযুক্ত ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার ফেইস ও ডি৭৫ কাউন্সিল-কে তার নিযুক্তির কথা অবহিত করবেন।

[9] নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোন আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; ডি৭৫ কাউন্সিলের সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে ডি৭৫ কাউন্সিলের সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা ডি৭৫ কাউন্সিল উপযুক্ত মনে করে।

III. **অভিযোগ প্রক্রিয়া**

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (৫) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হেব।

IV. **কৌশলগত সহায়তা**

ফেইস এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন:
212-374-2323

Division of Family and Community Engagement
N.Y.C. Department of Education
49 Chambers Street – Room 503
New York, NY 10007

Fax:
212-374-0076